গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

স্মারক নং-৩৪.০০.০০০০.০৪৩.১৬.১৩৮.১৭(অংশ)-৪২৬

তারিখঃ ৩০-০৬-১৪২৫ বঙ্গাব্দ
১৫-১০-২০১৮ খ্রিষ্টাব্দ

বিষয় : ২০১৮-২০১৯ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ১ম কোয়ার্টারের (জুলাই-সেপ্টেম্বর/২০১৮) পরিবীক্ষণ প্রতিবেদন প্রেরণ প্রসংগে।

সূত্রঃ মন্ত্রিপরিষদ বিভাগের পত্র নং-০৪.০০.০০০০.৮২২.১৪.০০৪.১৮.২১০(১), তারিখঃ ০৩-১০-২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে ২০১৮-২০১৯ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ১ম কোয়ার্টারের (জুলাই-সেপ্টেম্বর/২০১৮) পরিবীক্ষণ প্রতিবেদন এবং ''নৈতিকতা কমিটি'' সভার কার্যবিবরণী নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ ৭ (সাত) পাতা।

১৫/১০/২০১৮
(আ স ম সুজা)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫০২২
ইমেইল: sas.coordination@moysports.gov.bd

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃষ্টি আকর্ষণঃ উপ-সচিব, প্রশাসনিক সংস্কার অধিশাখা।
সরকারি পরিবহণ পুল ভবন, আব্দুল গণি রোড, ঢাকা।

অনুলিপিঃ

১। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
২। প্রোগ্রামার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে আপলোডের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

বিষয় :যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি :	জনাব মোহাম্মদ আব্দুল্লাহ্ সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
তারিখ :	১৪ সেপ্টেম্বর, ২০১৮
সময় :	সকাল-১১:০০ ঘটিকা
স্থান :	মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৫০২, ভবন নং-৭)।

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের নামের তালিকা:পরিশিষ্ট 'ক'।

সভাপতি সভার প্রারম্ভে উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে মন্ত্রণালয়ের যুগ্মসচিব (সমন্বয়) গত ১২-০৭-২০১৮ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন। সভাপতি বলেন, শুদ্ধাচার একটি গুরুত্বপূর্ণ বিষয়। মন্ত্রণালয়সহ সকল দপ্তর/সংস্থার সেবা প্রদানের ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার জন্য নৈতিকতার চর্চা অব্যাহত রাখতে হবে। মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থাসমূহকে ইতোপূর্বে প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা সর্বাধিক গুরুত্ব সহকারে বাস্তবায়ন করতে হবে। তিনি বিগত ১২-০৭-২০১৮ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়িত হওয়ায় সন্তোষ প্রকাশ করেন। যুগ্মসচিব (সমন্বয়) প্রথমে মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৮-২০১৯-এর প্রথম কোয়ার্টারের (জুলাই-সেপ্টেম্বর/২০১৮) প্রতিবেদন উপস্থাপন করেন। অত:পর মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রতিনিধিগণ নিজ নিজ সংস্থার প্রথম কোয়ার্টারের (জুলাই-সেপ্টেম্বর/২০১৮) প্রতিবেদন সভায় উপস্থাপন করেন।

০২। প্রতিবেদন উপস্থাপনকালে যুব উন্নয়ন অধিদপ্তরের প্রতিনিধি জনান যে, যুব উন্নয়ন অধিদপ্তরে ইজিপিতে ক্রয় কার্যক্রম --শুরু করা হয়েছে। এছাড়া, জেলা পর্যায়ের কার্যালয়ের সাথে ভিডিও কনফারেন্স অনুষ্ঠিত হচ্ছে। জাতীয় ক্রীড়া পরিষদের প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, জাতীয় ক্রীড়া পরিষদের অবকাঠামোগত সমস্যা থাকায় বর্তমানে স্কাইপি-তে ভিডিও কনফারেন্সের কার্যক্রম চালানো হচ্ছে। ক্রীড়া পরিদপ্তরের প্রতিনিধি জানান যে, ক্রীড়া পরিদপ্তরে ইতোমধ্যে গণশুনানী অনুষ্ঠিত হয়েছে। মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব (প্রশাসন) জানান যে, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় ই-জিপিতে ক্রয় কার্যক্রমের বিষয়ে সকল প্রস্তুতি ইতোমধ্যে সম্পন্ন করেছে। বর্তমানে ই-জিপিতে দরপত্র আহবান চলমান রয়েছে।

০৩।সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

(ক) মন্ত্রণালয়সহ দপ্তর/সংস্থাসমূহকে ই-জিপিতে ১০০% ক্রয় কার্যক্রম সম্পন্ন করতে হবে। এছাড়া প্রথম কোয়ার্টারের (জুলাই-সেপ্টেম্বর/২০১৮) শুদ্ধাচার পুরস্কার প্রদানের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য জরুরিভিত্তিতে পদক্ষেপ গ্রহণ করতে হবে।

(খ) সকল দপ্তর/সংস্থার প্রধানগণ মাঠ পর্যায়ের কার্যালয়ের সাথে ভিডিও কনফারেন্স এবং মাঠ পর্যায়ে পরিদর্শনকালে গণশুনানী গ্রহণ কার্যক্রম অব্যাহত রাখবেন।

(গ) ভিডিও কনফারেন্স আয়োজনের জন্য সকল দপ্তর/সংস্থা প্রয়োজনীয় যন্ত্রপাতি সংগ্রহের পদক্ষেপ গ্রহণ করবে।

চলমান পাতা-২/

(ঘ) মন্ত্রণালয় ও সকল দপ্তর/সংস্থাকে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২০১৮-২০১৯ এ অডিট আপত্তি নিষ্পত্তির নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

(ঙ) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের প্রস্তুতকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৮-২০১৯-এর প্রথম কোয়ার্টারের (জুলাই-সেপ্টেম্বর/২০১৮) প্রতিবেদন জরুরিভিত্তিতে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।

০৪। পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/- ১৪.১০.২০১৮
(মোহাম্মদ আব্দুল্লাহ্)
সচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

নং-৩৪.০০.০০০০.০৪৩.১৬.১৩৮.১৭(অংশ)-৪২৫

তারিখঃ ৩০-০৬-১৪২৫ বঙ্গাব্দ / ১৫-১০-২০১৮ খ্রিষ্টাব্দ

১৪-১০-২০১৮ তারিখে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে অনুষ্ঠিত ''নৈতিকতা কমিটি''র সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

১৫/১০/২০১৮
(আ স ম সুজা)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৬৫৬১
ইমেইল: sas.coordination@moysports.gov.bd

বিতরণ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষণঃ উপ-সচিব, প্রশাসনিক সংস্কার অধিশাখা)।
২। অতিরিক্ত সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা
৩। মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন, ১০৮, মতিঝিল, ঢাকা।
৪। যুগ্ম-সচিব (প্রশাসন)/(বাজেট)/(সমন্বয়)/(যুব)/(যুব-২)/(ক্রীড়া)/(ক্রীড়া-২), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৫। মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, জিরানী, সাভার, ঢাকা।
৬। পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, মওলানা ভাসানী স্টেডিয়াম, ঢাকা।
৭। সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, এনএসসি টাওয়ার, ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা।
৮। সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, জাতীয় ক্রীড়া পরিষদ (পুরাতন ভবন), ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা।
৯। প্রোগ্রামার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে আপলোড ও ই-মেইল এ প্রেরণের অনুরোধসহ)।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে-

১। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।